Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

মুজিব শতবর্ষ ১০০

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, নারায়ণগঞ্জ, কুমিল্লা, রংপুর, গাজীপুর ও ময়মনসিংহ সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহের রাস্তার পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী<br>অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ। |
| সভার স্থান | : | স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ |
| তারিখ ও সময় | : | ১১ এপ্রিল ২০২২, বেলা ০২.০০ ঘটিকা |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | **পরিশিষ্ট- 'ক'** |

সভার আলোচনা:

১.১ সভার সভাপতি স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, আরবান রেজিলিয়েন্স প্রকল্পের একটি কম্পোনেন্টের আওতায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও সিলেট সিটি কর্পোরেশনের রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে রাস্তাসমূহের বিপরীতে এলজিইডির ন্যায় পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য অদ্যকার সভা আহবান করা হয়েছে। তিনি সভার আলোচ্য বিষয়ে উপস্থাপনের জন্য সিটি কর্পোরেশন-১ শাখার উপসচিব জনাব মোহাম্মদ শামছুল ইসলাম-কে অনুরোধ করেন।

১.২ স্থানীয় সরকার বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ শামছুল ইসলাম সভাকে জানান, সিটি কর্পোরেশন ও পৌরসভার অধিক্ষেত্রে বিদ্যমান রাস্তাসমূহের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত গত ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী-কে আহবায়ক করে ১৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির অদ্যকার প্রথম সভা আহবান করা হয়েছে। আরবান রেজিলিয়েন্স প্রকল্পের প্রকল্প পরিচালক-কে সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে তাদের কার্যক্রম উপস্থপনের জন্য অনুরোধ করেন।

১.৩ আরবান রেজিলিয়েন্স প্রকল্পের প্রকল্প পরিচালক মোহাম্মদ আরিফুর রহমান সভাকে জানান, আরবান রেজিলিয়েন্স প্রকল্পের একটি কম্পোনেন্টের আওতায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও সিলেট সিটি কর্পোরেশনে রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের কার্যক্রম শুরু করা হয়েছে। উক্ত প্রকল্পের মাধ্যমে অবশিষ্ট ০৯টি সিটি কর্পোরেশনকে রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে ট্রেনিং এবং কারিগরিসহ সকল সহায়তা প্রদান করা হবে।

১.৪ জনাব এএসএম মোস্তফা আলী, পরিচালক, CEGIS সভাকে জানান, নতুন ম্যাপে রাস্তাসমূহ নির্ণয়ের ক্ষেত্রে ড্রেন বা স্যাটেলাইট ইমেজ ব্যবহার করা যায়। স্যাটেলাইট ইমেজে খরচ কম। তবে শীতের সময় ব্যতিত ব্যবহার করা যায় না। ড্রোন সারা বছর ব্যবহার করা যায়। পূর্বে সার্ভের মাধ্যমে এ কাজটি করা হত। এ বিষয়ে একটি নির্দেশিকা/গাইড লাইন তৈরি করে জারি করার জন্য অনুরোধ করেন। এছাড়া, উক্ত কাজের জন্য আলাদা সফটওয়ার এবং সার্ভার প্রয়োজন হবে। অত:পর সিটি কর্পোরেশন ও পৌরসভার রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে Power Point Presentation সভায় উপস্থাপন করেন।

১.৫ জনাব এম, এম শাহনেওয়াজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি সভাকে জানান, এলজিইডি কর্তৃক গ্রামীণ রাস্তাসমূহকে পরিচিতি নম্বর প্রদানের ক্ষেত্রে ০৪ ভাগে বিভক্ত করা হয় যথা: (১) উপজেলা রোড (২) ইউনিয়ন রোড (৩) ভিলেজ টাইপ এ ও (৪) ভিলেজ টাইপ বি। এলজিইডির ন্যায় সিটি কর্পোরেশন ও পৌরসভাগুলোর রাস্তাসমূহ ক্যাটাগরি করা প্রয়োজন।

১.৬ জনাব মোঃ সবুর হোসেন, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ সভাকে জানান, সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর এমনভাবে দিতে যেন একটির সাথে আরেকটি মিলে না যায় এবং খুজে পাওয়া সহজতর হয়।

১.৭ সভাপতি সভাকে জানান, সিটি কর্পোরেশনসমূহ হতে ইতোমধ্যে ফোকাল পার্সনগণের নাম পাওয়া গিয়াছে। মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় প্রতিটি সিটি কর্পোরেশনের প্রকৌশল শাখায় রাস্তার পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে একটি করে সেল গঠনের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। উক্ত সেল গঠনের বিষয়ে উপস্থিত সিটি কর্পোরেশনের সদস্যগণকে জানানোর জন্য অনুরোধ করেন। সিটি কর্পোরেশন ও পৌরসভার আলাদা আলাদা ম্যাপ রয়েছে এবং এ ক্ষেত্রে উক্ত ম্যাপ ব্যবহার করা যায়। এছাড়া, পৌরসভার পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে এলজিইডি এবং সিটি কর্পোরেশনসমূহর জন্য আরবান রেজিলিয়েন্স প্রকল্প খসড়া গাইড লাইন প্রস্তুত করে দাখিলের জন্য সংশ্লিষ্টদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

**২. সভার সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক) | সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে একটি খসড়া গাইড লাইন আগামী ১০(দশ) দিনের মধ্যে প্রস্তুতপূর্বক এ বিভাগে দাখিল করতে হবে। | (১) জনাব এম, এম শাহনেওয়াজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি<br>(২) প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প |
| (খ) | প্রতিটি সিটি কর্পোরেশন ও পৌরসভায় প্রকৌশল বিভাগের আওতায় ডেডিকেটেড কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে রাস্তার নম্বর প্রদান বিষয়ক একটি পৃথক কর্মসেল গঠন করে আগামী ১০ মে ২০২২ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে। | (১) সিটি কর্পোরেশন (সকল)<br>(২) পৌরসভা (সকল) |

৩. পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ২৭ এপ্রিল ২০২২ খ্রি.

(মুস্তাকীম বিল্লাহ ফারুকী)
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.২২.০০৪.১৯-**৪৮০/১(১৬)**

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৯ / ২৭ এপ্রিল ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, নারায়ণগঞ্জ, কুমিল্লা, রংপুর, গাজীপুর ও ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. জনাব এম এম শাহনেওয়াজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলাজইডি, আগারগাঁও, ঢাকা।

৬. প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।

৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮. জনাব এ এস এম মোস্তফা আলী, পরিচালক, CEGIS.

৯. অফিস কপি।

২৭/০৪/২০২২

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd